

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৫৮/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ ঃ ১১/০৭/২০১৩খ্রিঃ

২৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ

Asycuda World System ব্যবহারে User ID গ্রহণের জন্য

E-mail ID/Address থাকা বাধ্যতামূলক প্রসঙ্গে

এতদ্বারা সকল সম্মানিত সদস্য/সদস্যগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে, চট্টগ্রাম কাস্টম হাউসের শুঙ্কায়ন কার্যক্রমকে আরো আধুনিকীকরণ ও গতিশীল করার লক্ষ্যে Asycuda World নামে নতুন পদ্ধতি গত ০১ জুলাই ২০১৩ইং হতে চালু হয়েছে। এই পদ্ধতি ব্যবহার তথা বিল অব এন্ট্রি ও এক্সপোর্ট এর ডাটা দাখিলের জন্য প্রত্যেক সিএন্ডএফ প্রতিষ্ঠানকে অতি শীঘ্রই কাস্টমস্ কর্তৃপক্ষ থেকে User ID সংগ্রহ করতে হবে। User ID প্রদানের পূর্ব শর্ত হিসাবে প্রতিষ্ঠানে যতজন User ID গ্রহণ করবেন তাঁদের প্রত্যেকের নামে পৃথক E-mail ID/Address কর্তৃপক্ষের নিকট দাখিল করে User ID সংগ্রহ করতে হবে।

এমতাবস্থায় সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দকে নিজ প্রতিষ্ঠানের User ID গ্রহণে ইচ্ছুক প্রতিনিধিদের নামে পৃথক E-mail ID/Address সৃজন করে অত্র এসোসিয়েশনের দপ্তরকে অবিলম্বে অবহিত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

পৃষ্ঠা নং - ৬০